

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণ সভা

সভাপতি : ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস

স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর , প্রশিক্ষণ হল রুম।

তারিখঃ ১৭/০৪/২০২৩ ইং

সময় : বিকাল ৩.০০ ঘটিকায়

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ষ্টেক হোল্ডারদের মধ্য থেকে কিছু বলার জন্য অনুরোধ করলে মোঃফসিয়ান রহমান বলেন (সিল) পূর্বেও সিধান্ত মোতাবেক রিমোট এলাকার লোকজন যাতে টিকাদান এবং চিকিৎসার আওতায় আসে তার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করছি।

সভায় সকল সদস্যদের নাম পদবীসহ স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দেওয়া হল।

সভায় মিলি খানম (এলএসপি) বলেন এলাকায় যাতে করে সমভাবে টিকা প্রদান করা যায় তার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানালে তিনি বলেন টিকার কোন ঘাটতি নেই। সবাইকে তাদের চাহিদামত টিকা সরবরাহ করা হবে। তবে কেউ যেন সেবামূল্যের বাহিরে অর্থাৎ সেবামূল্যের চাইতে বেশি টাকা নিতে না পারে তার জন্য সবাইকে সতর্ক থাকার জন্য বলেন।

সভাপতি মহোদয় সকলকে উদ্দেশ্য করে বলেন টিকাদান, চিকিৎসা প্রদান ও কৃত্রিম প্রজননের ক্ষেত্রে সততার সাথে সকলকে নির্ধারিত ফি নিয়ে সেবা দেওয়ার জন্য বলেন।

সিধান্তঃ (১) নির্ধারিত সরকারী মূল্যে টিকাদান, চিকিৎসা প্রদান ও কৃত্রিম প্রজননসহ অন্যান্য কাজ কর্ম যথা নিয়মে চলছে। সকলে যার যার দায়িত্ব শতভাগ পালন করছে অর্থাৎ পূর্বেও সিধান্ত শতভাগ পালিত হচ্ছে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
পাইকগাছা, খুলনা।